

# 10th East Asia Summit Foreign Ministers' Meeting

September 09, 2020

## পূর্ব এশিয়া শীর্ষ বিদেশমন্ত্রীদের দশম বৈঠক

সেপ্টেম্বর 09,2020

1. ভারতের বিদেশ মন্ত্রকের প্রতিমন্ত্রী(এমওএস) শ্রী ভি. মুরলীধরন 09 সেপ্টেম্বর 2020 তারিখে পূর্ব এশিয়া শীর্ষ বিদেশমন্ত্রীদের দশম বৈঠক (10ম ইএএস এফএমএম)-এ যোগদান করেছেন। বৈঠকটি ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছে।

2. বৈঠকে ইএএস-এর বিদেশমন্ত্রীরা অংশগ্রহণ করেছেন এবং বৈঠকটির সভাপতিত্ব করেছেন সমাজবাদী প্রজাতান্ত্রিক ভিয়েতনামের উপ প্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী শ্রী ফাম বিন মিন।

3. নেত্রীবৃন্দর নেতৃত্বে ইএএস মঞ্চকে শক্তিশালী করা এবং এর 15 তম বার্ষিকীতে মঞ্চকে চ্যালেঞ্জের মোকাবিলায় আরও সহানুভূতিশীল করার উপায় ও পন্থা নিয়ে বৈঠকে আলোচনা করা হয়েছে। COVID-19 অতিমারি ও এর থেকে দ্রুত এবং স্থিতিশীল আরোগ্য লাভের জন্য সহযোগিতা সহ বর্তমান আঞ্চলিক এবং আন্তর্জাতিক ঘটনাবলীর উপরে মন্ত্রীর তাদের দৃষ্টিভঙ্গীর আদানপ্রদান করেছেন। ইএএস পরিকাঠামোর অন্তর্গত অংশগ্রহণকারী দেশগুলির অঙ্গীকারের স্থিতি এবং 2012 সালে ইএএস নেত্রীবৃন্দ দ্বারা গৃহীত ইএএস বিকাশ উদ্যোগের নোম পেন ডিক্লারেশনকে কার্যে পরিণত করার জন্য ম্যানিলা প্ল্যান অব অ্যাকশন(2018-2022)-এর বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বৈঠকে পর্যালোচনা করে হয়েছে। নভেম্বর 2020 তে আসন্ন 15 তম ইএএস শীর্ষসম্মেলনের নির্ঘণ্টের প্রস্তুতি নিয়েও আলোচনা করা হয়েছে।

4. বিদেশ প্রতিমন্ত্রী তার বক্তব্যে COVID-19 অতিমারি দ্বারা চিহ্নিত কঠিন এবং অনিশ্চিত সময়কালে আসিয়ানের সভাপতি হিসেবে 'সংযোগশীল এবং সহানুভূতিশীল আসিয়ান'-এর প্রতি ধারাবাহিক তত্ত্বাবধান প্রদানে ভিয়েতনামের প্রচেষ্টাকে সাধুবাদ জানিয়েছেন। তিনি ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অগ্রগামী কার্যপদ্ধতি হিসেবে ইএএস-এর মুখ্য ভূমিকা পালনের উপরে রেখাপাত করেছেন এবং একে মজবুততর এবং আরও সহানুভূতিশীল করে গড়ে তোলার ক্ষেত্রে ভারতে সহায়তা প্রদানের কথাকে পুনরায় উল্লেখ করেছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 09,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.